

শাবি ভিসি ভবনের সামনে শিক্ষকদের ফের অবস্থান

■ সিলেট ব্যুরো
শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি ভিসি) ভিসির অপসারণ দাবিতে আবারও কার্যালয়ের সামনে অবস্থান নিয়েছেন মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষক পরিষদের শিক্ষকরা। গতকাল মঙ্গলবার বেলা ১১টায় আন্দোলনকারী শিক্ষকরা উপাচার্য প্রফেসর ড. আমিনুল হক ভূঁইয়ার পদত্যাগ দাবিতে উপাচার্য ভবনের সামনে অবস্থান নেন। দুপুর ১টা পর্যন্ত তারা সেখানে অবস্থান করেন। পরে সংক্ষিপ্ত আলোচনা সভায় বক্তব্য রাখেন পরিষদের আহ্বায়ক অধ্যাপক ড. সৈয়দ সামসুল আলী।
এ সময় তিনি বলেন, ভিসি পদত্যাগ বা অপসারিত না হওয়া পর্যন্ত তাদের আন্দোলন চলবে। উপাচার্যকে অনেক সময় দেওয়া হয়েছে। কিন্তু তিনি তার কথা রাখেননি। তিনি অযোগ্য উপাচার্যকে এখান থেকে সরিয়ে একজন যোগ্য উপাচার্য নিয়োগ দেওয়ার জন্য সরকারের কাছে জোর দাবি জানান।
প্রসঙ্গত, উদ্ভূত পরিস্থিতিতে শিক্ষামন্ত্রী মুফত ইসলাম নাহিদ শাবির ভিসি ও আন্দোলনকারী শিক্ষকদের সঙ্গে পৃথক বৈঠক করেন। বৈঠকে উভয় পক্ষকে শাবি পরিচালনার আহ্বান জানান। কিন্তু বৈঠকের পরও শিক্ষকরা আন্দোলন অব্যাহত রেখেছেন।